

কাব্য কণিকা



যে ভাবেই তুমি সকালকে দেখ
সূর্য কিন্তু একটাই
যে ভাবেই তুমি ভাগ কর প্রেম
হৃদয় কিন্তু একটাই
এই কথা বলে যে চুপ করেছে
সে কি, প্রেম কি ভুলে গেছে
ধৈর্যের ডানায় নীলাকাশে উড়ে উড়ে
সে হয়েছে হালকা ও আরও ফুরফুরে
সে ভালবাসে রূপ ভালবাসে গুণ তাই
এই কাব্য কণিকা আমি দিলাম তাকেই

সুপ্রতীক অরূপ

কাব্য কণিকা



গোধূলী বেলায় মিয়াঁ কি টোড়ি
তোমাকে আমি কি করে ধরি
গেয়ে বেশ লাগল জান মোর ভালবাসা
তুমি ছাড়া দিন রাত বিরহের ভারে ঠাসা
কতকি জমিয়ে রেখেছি তোমার তরে আমি ধন্য
তুমি ভাল হয়ে ওঠো আমাদের ভালবাসার জন্য
গান গেয়ে আমি শুশ্রূষা করব তোমার সুখের
তোমার কি প্রয়োজন হে প্রেম এ'সব অসুখের!

সুপ্রতীক অরূপ

কাব্য কণিকা



বড় অসময়ে এবার ফাগুন তুমি এলে
যখন একা - দারুন একা
দ্বিগুন দুখের আগুন জেলে গেলে
আমার সামনে সবই ফাঁকা
তুমি এবার এমন ভাবে কেন এলে হে ফাগুন
তোমার রুচি তোমার বোধ সবই কি নির্গুণ!

সুপ্রতীক অরূপ

কাব্য কণিকা



বন্ধু যদি আস কিছু নতুন আগুন নিয়ে এস
এখানে অনেক কিছু পোড়াতে হবে সময় নিয়ে এস
বন্ধু যদি আস কিছু আঁচল ওড়ানো বাতাস নিয়ে এস
এখানে প্রাণের শ্বাস উঠেছে ফুসফুসে নিশ্বাস ভরে এস
বন্ধু যদি আস কিছু পাগল করা উষ্ণতা নিয়ে এস
সম্পর্কের ঘরে শীত এসেছে ওঠে আগুন নিয়ে এস

সুপ্রতীক অরূপ